# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৬ সালের ৮ম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ সেপ্টেম্বর, ২০১৬ |
| সময় | ঃ | বেলা ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**আলোচ্য বিষয়-১:** ২৯ আগস্ট, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা:** গত ২৯ আগস্ট, ২০১৬ তারিখে অনুষ্ঠিত ২০১৬ সালের ৭ম বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত:** সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহ্মেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের এর সমর্থনে বিগত সভার (২০১৬ সালের ৭ম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্য বিষয়-২:** আগস্ট, ২০১৬ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা:** আগস্ট, ২০১৬ মাসে বিভিন্ন খাতে আদায় **২,৪৯,৫৪,৩২৯.০০** (দুই কোটি ঊনপঞ্চাশ লক্ষ চুয়ান্ন হাজার তিনশত ঊনত্রিশ) টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের ক্রমপুঞ্জিভুত আদায় **৩,৩০,০৮,১২৬.০০** (তিন কোটি ত্রিশ লক্ষ আট হাজার একশত ছাব্বিশ) টাকা। কচুক্ষেত পুরান বাজার এলাকায় গৃহকর বাবদ ২০১৬-২০১৭ অর্থ বছরের দাবী ২৩,৭১,৪১৩.০০ (তেইশ লক্ষ একাত্তর হাজার চারশত তের) টাকা এবং জুলাই, ২০১৬ পর্যন্ত বকেয়া ৪১,২৮,৫৮৭.০০ (একচল্লিশ লক্ষ আটাশ হাজার পাঁচশত সাতাশি) টাকা। কচুক্ষেত পুরান বাজার এলাকার প্রাক্কলিত গৃহকর বাস্তবের চেয়ে কম ধার্য করা হয়েছে এবং উক্ত এলাকা পুনরায় সরেজমিন পরিদর্শন করে গৃহকর পুন:নির্ধারণ করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত:** ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৪,০৪,৮৩,৬৯৮.০০ (চৌদ্দ কোটি চার লক্ষ তিরাশি হাজার ছয়শত আটানব্বই) টাকা। অর্থ বছরের প্রথম দুই মাসে হিসেবে **২,৪৯,৫৪,৩২৯.০০** (দুই কোটি ঊনপঞ্চাশ লক্ষ চুয়ান্ন হাজার তিনশত ঊনত্রিশ) টাকা আদায় হয়েছে। কচুক্ষেত পুরান বাজার এলাকা সরেজমিন পরিদর্শন করে গৃহকর পুন:নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-৩:** আগস্ট, ২০১৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা:** আগস্ট, ২০১৬ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ৩,৩৩,৮২,৮৩১.০০ (তিন কোটি তেত্রিশ লক্ষ বিরাশি হাজার আটশত একত্রিশ) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ আগস্ট মাসে সর্বমোট আয় ৪,৫৫,৭৭,৮৩২.০০ টাকা (চার কোটি পঞ্চান্ন লক্ষ সাতাত্তর হাজার আটশত বত্রিশ) টাকা। অপরদিকে আগস্ট, ২০১৬ মাসে সর্বমোট ব্যয় ২,৫৩,৯৫,৪৩১.০০ (দুই কোটি তেপ্পান্ন লক্ষ পঁচানব্বই হাজার চারশত একত্রিশ) টাকা।

**সিদ্ধান্ত:** আগস্ট, ২০১৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য বিষয়-৪:** ২০১৫-২০১৬ আর্থিক সালের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা:** ২০১৫-২০১৬ আর্থিক সালের অনুমোদিত বাজেটে স্থানীয় আয়ের লক্ষ্যমাত্রা ২৩,৭৬,২৪,৫০০.০০ টাকা হলেও বাস্তবে মোট ২৪,৯৫,৯৬,০৮৯.৯০ টাকা আয় হয়েছে। অনুদান, বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য এফডিআর ভাঙ্গানো এবং প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৪৮,৬৪,১৭,০৭৫.৯০ টাকা। অপরদিকে উক্ত আর্থিক সালে ৪৭,৫০,৯৫,৫৩৪.০০ টাকা ব্যয় হয়েছে এবং সমাপনী স্থিতি ১,৭০,২৩,০২৬.৭৮ টাকা।

**সিদ্ধান্ত:** ২০১৫-২০১৬ আর্থিক সালের আয়-ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য বিষয়-৫:** আগস্ট, ২০১৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

**আলোচনা:** স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। তবে বিভিন্ন ইউনিট/সংস্থায় নিজস্ব তত্ত্বাবধানে এন্টিম্যালেরিয়া কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে। ঢাকা সেনানিবাস এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড এবং এমইএস কর্তৃক সরবরাহকৃত পানির নমুনা সন্তোষজন। ১৪ জুলাই, ২০১৬ হতে ১৫ আগস্ট, ২০১৬ পর্যন্ত সিএমএইচ, ঢাকায় ৫৯ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন।

**সিদ্ধান্ত:** স্টেশন হেলথ অর্গানাইজেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড সমন্বিত উদ্যোগের মাধ্যমে সেনানিবাসে মশক নিধন কার্যক্রম জোরদারসহ ড্রেন পরিষ্কার এবং আগাছা পরিষ্কার করতে হবে। রজনীগন্ধা সুপার মার্কেটের পরিষ্কার-পরিচ্ছন্নতা জোরদার করণসহ নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। সেনানিবাস সংলগ্ন সিভিল চ্যাপ্টার্ড এলাকায় সপ্তাহে কমপক্ষে একদিন মশার ঔষধ ছিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৬: আগস্ট, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।

আলোচনা: আগস্ট, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ২০৩ টি জন্ম নিবন্ধন ও ০৪টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে এবং একই সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১১ জনকে দাফন করা হয়েছে।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাস এলাকায় বসবাসকারী বা জন্মগ্রহণকারীদের যথাযথভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে।

আলোচ্য বিষয়-৭: রজনীগন্ধা টাওয়ার এর ২য় তলার ৬ নং দোকানের জমাকৃত ৫০,০০০.০০(পঞ্চাশ হাজার) টাকা জামানত ফেরত প্রদানের বিষয়ে সেনাসদর, কিউএমজি, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ আগষ্ট ২০১৬ তারিখের ৩৯১৭/১/আবেদন/এমকিউ-২ নং পত্রের বিষয়ে আলোচনা।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ১২৭.৫৫ বর্গফুট বিশিষ্ট ২য় তলা ৬ নং দোকানটি ইজারা গ্রহণের জন্য ১৩ জুন, ২০১২ তারিখে দরপত্রের মাধ্যমে ব্রিগেডিয়ার জেনারেল জি এম কামরুল ইসলাম এনডিসি, পিএসসি প্রতি বর্গফুট ২১,২০০.০০ (একুশ হাজার দুইশত) টাকা হিসেবে মোট ২৭,০৪,০৬০.০০ (সাতাশ লক্ষ চার হাজার ষাট) টাকার দর দাখিল করেন। উক্ত দরটি গত ২৭ জুন, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-৭ এর মাধ্যমে অনুমোদিত হয় এবং সামরিক ভুমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩ জুলাই ২০১২ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৭৭/শা-৩/৩১৬ নং পত্রের মাধ্যমে চূড়ান্তভাবে অনুমোদন করা হয়। পরবর্তীতে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২১ ডিসেম্বর, ২০১৪ তারিখের ২৩.০১.৯০১.০৪৪. ০২.০৭১.০৯.২১.১২.১৪ নং পত্রের মাধ্যমে দোকানটি সামরিক কোটায় সংরক্ষিত হিসেবে অন্তর্ভূক্ত করত: ধার্যকৃত সালামী সামরিক কোটায় নির্ধারণ/গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। বিষয়টি ০৫/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে অনুমোদিত হয় এবং প্রস্তাবটি অনুমোদনের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ২২ ফেব্রুয়ারী ২০১৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/রজনীগন্ধা টাওয়ার/২য় তলা-৬/১৩ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ১৫ মার্চ, ২০১৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৭৭-৩/শা-৩/৯৭ নং পত্রে উক্ত দোকানটি কোটা পরিবর্তন করে দরপত্র আহবান ব্যতিরেকে ইজারা প্রদানের যৌক্তিকতাসহ এবিষয়ে অডিট আপত্তি উত্থাপনের সম্ভাবনা রয়েছে কিনা এবং উত্থাপিতব্য অডিট আপত্তির দায়-দায়িত্ব কোন কর্তৃপক্ষের উপর বর্তাবে সে বিষয়ে সুচিন্তিত মতামতসহ বিভিন্ন তথ্যাদি চেয়ে অত্র দপ্তরে পত্র প্রেরণ করা হয়। সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ আগষ্ট, ২০১৬ তারিখের ৩৯১৭/১/আবেদন/এমকিউ-২নং পত্রে দোকান বরাদ্দ করা সম্ভব না হলে জমাকৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত: সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ আগষ্ট, ২০১৬ তারিখের ৩৯১৭/১/আবেদন/এমকিউ-২নং পত্রের প্রেক্ষতে রজনীগন্ধা টাওয়ার এর ২য় তলা ৬ নং দোকানটির ইজারা বাতিল করত: এর বিপরীতে জমাকৃত ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার জামানত ব্রিগেডিয়ার জেনারেল জি এম কামরুল ইসলাম এনডিসি পিএসসি এর অনুকূলে ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৮: ঢাকা নাখালপাড়াস্থ বাইতুল আতিক জামে মসজিদের কমিটি গঠন প্রসংগে।

আলোচনা: নাখালপাড়াস্থ বাইতুল আতিক জামে মসজিদ কমপ্লেক্স এর ব্যবস্থাপনা/পরিচালনার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯ জুন ২০১৬ তারিখের ঢাক্যাবো/জিএ/৫৬/২/১৩০ নং পত্রের মাধ্যমে পূর্বের কমিটি বিলুপ্ত করে ০৩ (তিন) মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠনের জন্য ০৬ সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করা হয়। উক্ত মসজিদের মুসল্লীদের সাথে আলাপ-আলোচনা ও সমঝোতার ভিত্তিতে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠনের নিমিত্তে বিগত মসজিদ কমিটি ও বর্তমান এডহক কমিটি কর্তৃক যাচাই বাছাই করে ২০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য নিম্নোক্তভাবে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠনের প্রস্তাব করা হয়ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | -- | সভাপতি |
| ২। | আলহাজ্ব মোঃ লুৎফুর রহমান ভূঞা | -- | সহ-সভাপতি |
| ৩। | হাফেজ খালেদ মোহাম্মদ ভাওয়ালী | -- | সম্পাদক |
| ৪। | জনাব এ কে এম শফিকুল ইসলাম পাপেল | -- | ক্যাশিয়ার |
| ৫। | জনাব মোহাম্মদ দেলোয়ার জামিল | -- | সদস্য |
| ৬। | আলহাজ্ব আব্দুস সোবাহান খান | -- | সদস্য |
| ৭। | জনাব মোঃ সিরাজ দৌল্লাহ (দুলাল) | -- | সদস্য |
| ৮। | আলহাজ্ব মোঃ সানাউল্লাহ | -- | সদস্য |
| ৯। | আলহাজ্ব মাসুদ হাসান রেজা | -- | সদস্য |
| ১০। | আলহাজ্ব মোঃ ফজলুল হক | -- | সদস্য |
| ১১। | আলহাজ্ব আব্দুল মান্নান বুলু | -- | সদস্য |
| ১২। | জনাব মোঃ আবুল বাশার মিয়া<br>হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

১৩। জনাব কাজী মোঃ পেয়ারু -- সদস্য
রেভিনিউ অফিসার (অঃদাঃ), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
১৪। বি এ এফ কোয়ার্টার অধিবাসীদের মধ্যে ০১ জন -- সদস্য
১৫। এস এস এফ কোয়ার্টার অধিবাসীদের মধ্যে ০১ জন -- সদস্য

সিদ্ধান্ত: নাখালপাড়াস্থ বাইতুল আতিক জামে মসজিদ কমপ্লেক্স এর জমি, মসজিদ কমপ্লেক্স, আবাসিক স্থাপনা ও বাণিজ্যিক স্থাপনা সরেজমিন পরিদর্শন করে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রস্তুত করার জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলোঃ-

(১) ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট। -- সভাপতি
(২) ১×প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। -- সদস্য
(৩) ১ × প্রতিনিধি, এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস। -- সদস্য
(৪) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(৫) ইমাম, বাইতুল আতিক জামে মসজিদ। -- সদস্য

উপরোক্ত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং উক্ত সভায় মসজিদ ব্যবস্থাপনা/পরিচালনা কমিটি চূড়ান্ত করা হবে।

আলোচ্য বিষয়-৯: সেরেনিটি বিল্ডার্স (প্রাঃ) লিমিটেড ভেভেলপার কোম্পানীর জমাকৃত নিরাপত্তা জামানত ৫,০০,০০০.০০(পাঁচ লক্ষ) টাকা ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা: কর্ণেল মোঃ আব্দুল বাতেন (অবঃ), ব্যবস্থাপনা পরিচালক, সেরেনিটি বিল্ডার্স (প্রাঃ) লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস, ঢাকা সেনানিবাস এলাকায় ৬৯১, ৮০০ ও ৮০১ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করেন। সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে জমাকৃত ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা ফেরৎ চেয়ে কর্ণেল মোঃ আব্দুল বাতেন (অবঃ) আবেদন করেন। এ বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের ০৮ মার্চ, ২০১৬ তারিখের ঢাক্যাবো/ডেভোঃ/সেঃবিঃ (প্রাঃ) লিঃ/৭০ নং পত্রে উক্ত প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস বর্ণিত প্লটসমূহের মালিক ও ফ্ল্যাট ক্রেতাদের কোন অভিযোগ/আপত্তির বিষয়ে কোন তথ্য নেই মর্মে জানানো হয়।

সিদ্ধান্ত: সেরেনিটি বিল্ডার্স (প্রাঃ) লিমিটেড কর্তৃক যে সকল প্লটে বাড়ী নির্মাণ করা হয়েছে সে সকল প্লট/ফ্ল্যাট মালিকের অনাপত্তিপত্র/নাদাবী সংক্রান্ত প্রতিবেদন এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স ফি পরিশোধপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-১০: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | (১) মিসেস রাশিদা বেগম<br>স্বামী- মরহুম উইং কমান্ডার সৈয়দ এ কিউ এম আক্তারুজ্জামান<br>(২) সৈয়দ রাশেদ জামান<br>পিতা- মরহুম উইং কমান্ডার সৈয়দ এ কিউ এম আক্তারুজ্জামান | ৩৬৪ | মিরপুর ডিওএইচএস | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| ২। | লেঃ কর্ণেল (অবঃ) এস এম সাজ্জাদ হোসেন | ৪৫৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৩। | লেঃ কর্ণেল (অবঃ) জাহিদুল ইসলাম উকিল | ৮৪৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৩য় ও ৪র্থ তলায় ডুপ্লেক্স, ৬ ও ৭ তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট দেখানো হয়েছে) |
| ৪। | কমান্ডার জি এস এম হামিদুর রহমান | ৮৫৭ | মিরপুর ডিওএইচএস | নতুন ০৭(সাত) তলা |
| ৫। | মেজর (অবঃ) মোঃ দিলদার-উল-ইসলাম | ৮৮২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (খালি প্লট) |
| ৬। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সেকান্দার আলী তালুকদার | ৯১৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজারভার, সেপটিক ট্যাংক, জেনারেটর রুম ইত্যাদির অবস্থান পরিবর্তন) |
| ৭। | কর্ণেল কামরুল হাসান, বিপি | ১০৯২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ (সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন ২য় তলার দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট এবং ৪র্থ তলার এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| ৮। | রাশিদা কবির (রেবা স্ত্রী)<br>স্বামী-শহীদ মেজর মোঃ হুমায়ুন কবির সরকার<br>সাদাফ আবরার(ছেলে)<br>তাশদীদ আবরার রাইয়ান (ছেলে)<br>পিতা- শহীদ মেজর মোঃ হুমায়ুন কবির সরকার | ১২৫১ | মিরপুর ডিওএইচএস | নতুন ০৭(সাত) তলা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯। | মোসাঃ ফিরোজা বেগম (স্ত্রী)<br>স্বামী-মরহুম সাখাওয়াত হোসেন<br>শাহিনুর ফেরদৌস তুহিন (পুত্র)<br>মৌমিতা সুরভী মুনিয়া (কন্যা)<br>সামিয়া সিলভী জেসিকা (কন্যা)<br>সর্বপিতা- মরহুম সাখাওয়াত হোসেন | ১২৭৬ | মিরপুর ডিওএইচএস | নতুন ০৭(সাত) তলা |
| ১০। | (ক) লেঃ কর্ণেল (অবঃ) মুহাম্মদ দিদারুল আলম<br>(খ) মেজর (অবঃ) এ কে এম ফজলে কাদের | ৭৪৩<br>৭৪৫ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৭৪৩ নং প্লটে ৩য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিটে রূপান্তর) |
| ১১। | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এম খলিলুর রহমান | ৪৮৭/বি | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ১২। | জনাব মোঃ শফিকুল হায়দার গং | ৫৪১/৪ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস এর ১২টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়। এ পর্যায়ে আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নকশা অনুমোদন ফি বাবদ বর্তমানে নতুন নকশার জন্য ১,০১০.০০ (এক হাজার দশ) টাকা এবং সংশোধিত নকশা অনুমোদন বাবদ ৫১০.০০ (পাঁচশত দশ) টাকা আদায় করা হয়। কিন্তু রাজউক, সাভার ক্যান্টনমেন্ট বোর্ড ও চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রস্তাবিত ভবনের আয়তনের উপর প্রতি বর্গফুটের জন্য বিভিন্ন হারে নকশা অনুমোদন ফি গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত: রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, সাভার ক্যান্টনমেন্ট বোর্ড ও চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আদায়কৃত নকশা অনুমোদন ফি এর রেইট সংগ্রহ করে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করে পরবর্তী নির্দেশনার জন্য প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর নোটশীটের মাধ্যমে উপস্থাপন করতে হবে। আলোচ্যবিষয়-১০ এর নকশা অনুমোদনের বিষয়ে আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

আলোচ্য বিষয়-১১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা টাওয়ারের ৩৭টি এসি সার্ভিসিং, মেরামত এবং ০৫টি সার্কিট ব্রেকার পরিবর্তন কাজ। | ২,৬১,২৭০/- | মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২। | আর্মি এমপি ইউনিটের জন্য ৫০০টি (বড়) প্লাষ্টিকের ডিভাইডার, ১০০০ বর্গফুট হানিকম্ব স্টীকার, ২০টি ইউটার্ন বোর্ড (স্টীকার দ্বারা লেখাসহ) স্থাপন কাজ। | ১০,০৪,০০০/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনেটর ২১/৯/২০১৬ তারিখের পত্র। |
| ৩। | ১৩ এমপি ইউনিটের চাহিদার প্রেক্ষিতে মঈনুল রোডের দক্ষিণ প্রান্তে স্পীড ব্রেকার অপসারণ কাজ। | ৪৫,১২২/- | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনিটের ৫/৯/২০১৬ তারিখের পত্র। |
| ৪। | আর্মি এমপি ইউনিটের চাহিদার প্রেক্ষিতে রোডস্ সাইন বোর্ডের হানিকম্ব স্টীকার পরিবর্তন, প্লাষ্টিক ডিভাইডার পরিস্কারসহ রশি পরিবর্তন, পাকা ডিভাইডার, রেলিং ইত্যাদি রংকরণ কাজ। | ৬,৫২,২৬৫/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিট কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র কাজ সম্পন্ন করণের তালিকা মোতাবেক। |
| ৫। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের পূর্ব পার্শ্বস্থ ভবনের ২য় তলার উপর ৩য় তলা নির্মাণ কাজ এবং পূর্ব ও উত্তর দিকের ভবনের সংযোগ করিডোর নির্মাণ কাজ। | ৫৯,৯৯,৯০৮/- | অনুদান | |
| ৬। | মহাখালী ডিওএইচএস এর ১৪ নং রোডের (লেক রোড) ড্রেনের ওয়াল উঁচুকরণসহ আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ১,৬১,৭৩২/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন তহবিল | |
| ৭। | ক্যান্ট বাজার এলাকার ০৭ নং রোডের স্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি-১২ সংস্কার, মেরামত ও রংকরণ এবং ৬৫/ডি নং ভবনের বাহির পার্শ্ব রংকরণ। | ৩,৩৮,২৯৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৮। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহু মসজিদ) পশ্চিম দিকের বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ বারবেড ওয়্যার স্থাপন ও ইমাম কোয়ার্টারের সেফটি গ্রীল স্থাপন এবং মসজিদের কলাপসিবল গেইট মেরামতকরণ। | ৫২,৯৭২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৯। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস এর অফিস ভবনে একটি টয়লেট এবং ১টি রেকর্ডরুমের বর্ধিতাংশ নির্মাণ। | ২,৪৬,৮৩০/- | অনুদান | |
| ১০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের বাসা নং-১০১ (৩য় তলা দক্ষিণ পার্শ্ব) সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৭১,৭৬২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৬০ এর উত্তর পার্শ্বের হেলে যাওয়া বাউন্ডারী ওয়াল পুনর্নির্মাণ এবং উক্ত বাসার ২য় তলার আংশিক মেরামত ও রংকরণ কাজ। | ৮২,৭১৬/- | পরিত্যক্ত সম্পত্তির | |
| ১২। | মানিকদী কবরস্থানের পশ্চিম ও উত্তর দিকের বাউন্ডারী ওয়াল উঁচুকরণ। | ১১,৮৬,০১৯/- | বোর্ড তহবিল | |

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত: ১১.১। আলোচ্য বিষয়-১১ এর ১১টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হয়। ক্রমিক নং- ১, ৭, ৮ ও ১০ এ বর্ণিত প্রকল্পগুলোর বিপরীতে বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১১ এর প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-২, ৩, ৪, ৫, ৬, ৯ ও ১২ এ বর্ণিত প্রকল্পগুলোর মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

১১.২। শহীদ জাহাঙ্গীর গেইট হতে আইএসএসবি এবং সৈনিক ক্লাব এমপি চেকপোষ্ট হতে রজনীগন্ধা এমপি চেকপোষ্ট পর্যন্ত রাস্তার ডিভাইডার এর বিস্তারিত নকশা আগামী বোর্ডসভায় উপস্থান করতে হবে।

আলোচ্য বিষয়-১২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মিরপুর সেনানিবাস অফিসার্স কোয়ার্টার (এনসিসি) এর জন্য একটি পাকা বিশেষ শ্রেণীর ডাষ্টবিন ও তৎসংলগ্ন হার্ডস্ট্যান্ড ও ড্রেন নির্মাণ কাজ। | ২,৯৫,৫৭১/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ২,৯৫,৫৭১/- | বোর্ড তহবিল | |
| ২। | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের সরকারি বাসভবন হাইজেনিক ওয়াশকরণ কাজ। | ১,০৯,০৪১/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১,০৯,০৪১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩। | ঢাকা সেনানিবাসের স্বাধীনতা সরণি কচুক্ষেত এমপি চেকপোষ্ট হতে বনানী চেকপোষ্ট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রিক্সা লেন মেরামত/ সংস্কারকরণ কাজ। | ৩৫,৮০,০০০/- | মেসার্স ঢাকা রাইস এজেন্সী | ৩৫,৮০,০০০/- | বোর্ড তহবিল | |
| ৪। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ভবনের ৩য় তলায় গেষ্ট হাউজসহ টয়লেট মেরামত ও সংস্কার কাজ। | ১,০০,৯৫৯/- | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১,০০,৯৫৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৫। | ঢাকা সেনানিবাসের ০৬টি ডিজিটাল স্পীড চেক রাডার এবং ১০টি ডিজিটাল ক্রলবার বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | - | মেসার্স ঢাকা রাইস এজেন্সী | ৪,৯৮,০০০/- | বোর্ড তহবিল | |
| ৬। | আর্মি এমপি ইউনিটের চাহিদার প্রেক্ষিতে ১৩টি ওয়াকি টকি সেট ও ১৩টি স্পীকার মাইক্রোফোন সরবরাহ কাজ। | ৮,০৫,৪৫০/- | Distributions one (BD) Ltd | ৭,২৮,০০০/- | বোর্ড তহবিল | |
| ৭। | বনানী ডিওএইচএস ইস্টার্ণ ও ওয়েস্টার্ণ রোডের বিটুমিনাস রাস্তা মেরামত কাজ। | ৯০,৯৭২/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৯৫,২৪৭/৬৮ | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ৮। | মহাখালী ডিওএইচএস এলাকার ২ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং (Plant Method) কাজ। | ২২,২৬,১৫৫/- | ফোরওয়েজ ইঞ্জিনিয়ার্স | ২৩,১৫,২০১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ৯। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-১৮/এ(নতুন রোড-১২), প্লট নং-৮৯৬ হতে সিএসডি এবং ৯৩৫ হতে ৯১৬ পর্যন্ত রাস্তা কার্পেটিং (Plant Method) কাজ। | ৩৫,৬৪,৩৩৯/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩৭,০৬,৯১২/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/বোর্ড তহবিল | |
| ১০। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-১৯(নতুন রোড-১২), প্লট নং-৭৭৩ হতে ৮৭০ এবং ৭৭৯ হতে ৮৫৮ পর্যন্ত রাস্তা কার্পেটিং (Plant Method) কাজ। | ১৯,০৩,০০০/- | দি এসোসিয়েটস্ | ১৯,৭৯,১২০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/বোর্ড তহবিল | |
| ১১। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৪(নতুন রোড-১২), প্লট নং-৭৭৯ হতে ৮৫৮ এবং ৭৯২ হতে ৮৩৪ পর্যন্ত রাস্তা কার্পেটিং (Plant Method) কাজ। | ৪০,১৪,০০০/- | মেসার্স ঢাকা রাইস এজেন্সী | ৪১,৭৪,৫৬০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/বোর্ড তহবিল | |
| ১২। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৪(নতুন রোড-১২), প্লট নং-৭৯৩ হতে ৮৩৩ এবং ৮২২ হতে ৮০৬ পর্যন্ত রাস্তা কার্পেটিং (Plant Method) কাজ। | ৩৮,০৬,০০০/- | মেসার্স কাশেম ট্রেডার্স | ৩৯,৫৮,২৪০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/বোর্ড তহবিল | |
| ১৩। | আর্মি এমপি ইউনিটের জন্য স্টীলের তৈরি ১০০টি সাইনবোর্ড সরবরাহকরণ (হানিকম্ব স্টীকার স্থাপনসহ) কাজ। | ৬,৩০,০০০/- | মেসার্স মিন্টু এন্টারপ্রাইজ | ৬,৩০,০০০/- | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৪। | ১৩ এমপি ইউনিটের জন্য ৩০০টি প্লাষ্টিক ডিভাইডার, ৫০০ বর্গফুট হানিকম্ব স্টীকার, ১৫০ কেজি রশি, ২৫ গ্যালন এনামেল রং, ৩০০ ফুট পাকা ডিভাইডার ও সাইন বোর্ড নির্মাণ কাজ। | ৮,৫০,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৮,৫০,০০০/- | বোর্ড তহবিল | |
| ১৫। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের (আল্লাহু মসজিদ) নিরাপত্তা নিশ্চিত করার জন্য আর্চওয়ে স্থাপন কাজ। | ১,২১,০০০/- | মের্সা আমিন ব্রাদার্স | ১,২১,০০০/- | বোর্ড তহবিল | |
| ১৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ০৩ নং গভীর নলকুপের পানি কমে যাওয়ায় ১৬"x৮" ডায়া ১০০০ ফুট গভীর নলকুপ ওয়াটার জেটিংকরণ কাজ। | ৩,৭৩,৫০০/- | বিল্লাল বোরিং এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস | ৩,৭২,৩০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৩ নং গভীর নলকূপ হঠাৎ বিকল হয়ে যাওয়ায় তা উত্তোলন, পাম্প মটর মেরামত, রিওয়্যান্ডিং এবং পুনঃস্থাপন কাজ। | ১,৬৭,৮০০/- | বিল্লাল বোরিং এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস | ১,৬৭,৮০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৮। | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে শহীদ সরনিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরনির উভয় পার্শ্বের নিরাপত্তা বাতির পোল (ব্রাকেট ও সেডসহ), সিগন্যাল পোল রংকরন এবং বৈদ্যুতিক সুইচ বোর্ড পেইন্টিংকরন কাজ। | ১,২৯,৬২০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ (মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা) | ১,৩৪,৮০৪/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ১৯। | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে শহীদ সরনিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ সংলগ্ন চৌরাস্তা হতে সিগন্যাল গেইট হয়ে বালুঘাট গোল চত্বর এবং সিগন্যাল গেইট হতে আইএসএসবি(রাস্তার উভয় পার্শ্ব) হয়ে জিয়াকলোনী এমপি চেকপোষ্ট পর্যন্ত নিরাপত্তা বাতির পোল (ব্রাকেট ও সেডসহ) এবং ট্রাফিক সিগন্যাল পোল পেইন্টিংকরন কাজ। | ১,৫১,৭৩৪/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ১,৫৭,৮০৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২০। | শহীদ সরণির বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট হতে পোষ্ট অফিস পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃস্থাপন (পয়েন্টিংসহ)। | ৭১,৯৪২/- | সুবর্না এন্টারপ্রাইজ | ৭৪,৮১৯/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২১। | শহীদ সরণির পোষ্ট অফিস হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃস্থাপন (পয়েন্টিংসহ)। | ৯২,২৫৩/- | আরকে বিল্ডার্স | ৯৫,৯৪৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২২। | স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট হতে রজনীগন্ধা এমপি চেকপোষ্ট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃস্থাপন (পয়েন্টিংসহ)। | ৯০,৭৭৯/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ৯৪,৪১০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৩। | স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট হতে রজনীগন্ধা এমপি চেকপোষ্ট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃস্থাপন (পয়েন্টিংসহ)। | ১,০২,৬৮৯/- | মেসার্স শফিক এন্ড সন্স | ১,০৬,৭৯৬/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৪। | ১৩ এমপি ইউনিট হতে স্বাধীনতা সরনির চৌরাস্তা পর্যন্ত সাইন বোর্ড, পার্ক, হাজী মহসিনের উভয় পার্শ্বে বাসস্ট্যান্ড, বিউটি স্পট, জি আই পাইপের রেলিং/গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৫৮,৩১০/- | মেসার্স রহমান ট্রেডার্স | ৬০,৬৪২/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৫। | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ্ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত, ডিভাইডার, এয়ার হাউজের নিকটস্থ্ বিউটি স্পট, পাইপের রেলিং, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,১৭,৭০৮/- | মেসার্স পাপন এন্টারপ্রাইজ | ১,২২,৪১৬/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৬। | ক্যান্ট বোর্ড অফিস হতে এসকেএমসিবিজিএইচ পর্যন্ত গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, ক্যান্ট বোর্ড জামে মসজিদের সম্মুখের গম্বুজ, মিনার ও বাহির পার্শ্ব এবং ওয়াটার ট্যাংক, বাগানের গ্রীল ইত্যাদি মেরামতসহ রং করণ কাজ। | ১,২৭,৮০৫/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ১,৩২,৯১৭/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৭। | এসকেএমসিবিজিএইচ হতে সেনাকুঞ্জ ইন গেইট পর্যন্ত সাইন বোর্ড, ডিভাইডার, রেলিং, গ্যারিসন বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল মেরামতসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,০৮,৪৯২/- | মেসার্স বুলবুল প্রচারনী | ১,১২,৮৩১/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৮। | সেনাকুঞ্জ ইন গেইট হতে ষ্টাফ রোড পর্যন্ত আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, বিউটি স্পট, ট্রাফিক আইল্যান্ড ও ছাতা মেরামত, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৫৪,০৫৬/- | মেসার্স মনির এন্ড কোং | ৫৬,২১৮/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৯। | ষ্টাফ রোড হতে সিএমএইচ এবং পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ট্যাংক, কামান, ফুলের চারী, বিউটি স্পট, গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,১৭,০০০/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ১,২১,৫৬৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৩০। | সিএমএইচ হতে সিগন্যাল পর্যন্ত সাইন বোর্ড, পুরাতন এয়ার হেড কোয়ার্টার বাসষ্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল মেরামতসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৫৬,৯৯২/- | এস এমকে কনস্ট্রাকশন | ৫৯,২১৪/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৩১। | স্বাধীনতা সরনির উভয় পার্শ্বের, ডিভাইডার, সাইন বোর্ড, গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোষ্ট ও গাড়ী পার্কিং, বাজারের দক্ষিণ পার্শ্বের গলি, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রং এর কাজ ও সাইন বোর্ড লিখার কাজ। | ১,৬৬,৬৫৭/- | মেসার্স পাওনিয়ার এন্টারপ্রাইজ | ১,৭৩,৩২৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৩২। | ফুটপাতের ফ্লোর টাইলস ও ওয়াল টাইলস হাইজোনিক ওয়াসকরণ কাজ। | ১,০০,১৪০/- | মেসার্স সামী এন্টারপ্রাইজ | ১,০৪,১৪৫/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৩। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণিতে ০৪টি এবং স্বাধীনতা সরণিতে ০১টি ফুটওভার ব্রিজ রংকরণ কাজ। | ১,২৬,৩১২/- | মেসার্স ওয়ার্ল্ড ভিশন ইন্টারন্যাশনাল | ১,৩১,৩৬৪/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৩৪। | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে বিদ্যমান রাস্তার মাঝখানে এবং দুই পার্শ্বে প্লাষ্টিক রোড ডিভাইডার ধৌত ও পরিস্কার, আরসিসি রোড ডিভাইডার মেরামত ও রংকরণ। | ৭৭,৫১৩/- | মেসার্স মা এন্টারপ্রাইজ | ৮০,৬১৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৩৫। | ক্যান্ট বোর্ড অফিসের বাউন্ডারী ওয়াল, আইল্যান্ড, গেইট উত্তর,পশ্চিম, দক্ষিণ সাইড ওয়েদারকোটকরণ। | ৫৯,০০০/- | মেসার্স এ এন্ড ডি ব্রাদার্স | ৬১,৩০১/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৩৬। | শহীদ সরণি ও স্বাধীনতা সরণির বিভিন্ন স্থানে ভাঙ্গা টাইলস্ পুনঃস্থাপন কাজ। | ১,৬০,০০০/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ১,৬০,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৩৭। | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষ্যে শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও অন্যান্য রাস্তায় রোড মার্কিং পেইন্ট দ্বারা মার্কিং কাজ। | ৯,২৪,৮৬২/- | মেসার্স বি এম ট্রেডার্স | ৯,২৪,৮৬২/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (প্রকল্প) | |
| ৩৮। | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষ্যে শহীদ সরণি ও স্বাধীনতা সরণির ভাঙ্গা/ক্ষতিগ্রস্ত অংশ মেরামত, কার্পেটিং ও সীলকোট কাজ। | ২৯,৫৫,৪৭৫/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ২৯,৫৫,৪৭৫/- | বোর্ড তহবিল | |
| ৩৯। | রজনীগন্ধা সুপার মার্কেটে নতুন ৫০০ কেভিএ সাব-স্টেশন, এইচটি/এলটি ক্যাবল, ওভারহেড ডিস্ট্রিবিউশন লাইন আনুষঙ্গিক মালামালসহ সাব-স্টেশন বিল্ডিং নির্মাণ। | ১,০৯,৩৯৭৫২/- | মেসার্স সরদার ট্রেডার্স | ৯৪,৯৮,৯৭০/- | বোর্ড তহবিল/দোকান বরাদ্দ লাভকারীদের নিকট হতে আদায়কৃত অর্থ | |

আলোচনা: আলোচ্য বিষয়-১২ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত: আলোচ্য বিষয়-১২ এর ৩৯ (উনচল্লিশ)টি প্রকল্পের দর অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন করা হয়। আলোচ্য বিষয়-১২ এর ক্রমিক নং-২, ৪, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫ ও ৩৬ এ উল্লেখিত প্রকল্পগুলোর কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ৩, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ৩৭, ৩৮ ও ৩৯ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৩: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ইলেক্ট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ) কাজের দর অনুমোদন।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ইলেক্ট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ) কাজের জন্য গত ১৯ মার্চ, ২০১৬ তারিখে বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রচার করা হলে নির্ধারিত তারিখে মোট ০৪টি প্রতিষ্ঠান দর দাখিল করে। তন্মধ্যে ০৩টি প্রতিষ্ঠান যোগ্য বলে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত হয়। সে প্রেক্ষিতে ০৩টি প্রতিষ্ঠানের দাখিলকৃত আর্থিক প্রস্তাব উন্মুক্ত করণের পর নিম্নোক্ত দর পাওয়া যায় ঃ-

| ক্রমিক নং | ফার্মের নাম | দাখিলকৃত দর |
|---|---|---|
| ১। | লায়ন্স ইলেক্ট্রোমেকানিক্যাল সার্ভিসেস | ১২,৬৭,৬৪,২১৯.০০ |
| ২। | কনফিডেন্স ট্রেড লিমিটেড | ১৪,৮৯,২৯,৬২৫.০০ |
| ৩। | ইলেকট্রোমার্ট লিমিটেড | ২২,৪৯,৭৫,০০০.০০ |

টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি কর্তৃক সর্বনিম্ন দরদাতা লায়ন্স ইলেক্ট্রোমেকানিক্যাল সার্ভিসেস-কে সিকিউরিটি হিসাবে ৫% থেকে ১০% টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট জমা করা ও পিপিআর এর অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে NOA (Notification of Award) প্রদানের বিষয়ে মতামত প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে বিষয়টি নোটশীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর উপস্থাপন করা হলে লায়ন্স ইলেক্ট্রোমেকানিক্যাল সার্ভিসেস-কে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) পারফরমেন্স গ্যারান্টি হিসেবে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত প্রদান সাপেক্ষে এবং প্রিশিপমেন্ট পরিদর্শনের শর্তসহ NOA প্রদানের অনুমোদন প্রদান করা হয়। সে মোতাবেক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হলে সাভূসে অধিদপ্তরের ২০ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের ২৩.২২.০০০.০২৭.১৪.০৬৯.১৬.২৫ নং পত্রের মাধ্যমে সর্বনিম্ন দরদাতা লায়ন্স ইলেক্ট্রোমেকানিক্যাল সার্ভিসেস, ১২৬-১৩১, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা এর ১২,৬৭,৬৪,২১৯.০০ (বার কোটি সাতষট্টি লক্ষ চৌষট্টি হাজার দুইশত উনিশ) টাকার দরসহ ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর নির্মাণ কাজ ২০১০ সাল থেকে শুরু হয়ে চলমান আছে বিধায় দ্রুত নির্মাণ কাজ সম্পন্ন করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ড ২২ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে NOA (Notification of Award) প্রদানের ইস্যু করা হয়।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ইলেক্ট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ) কাজের জন্য সর্বনিম্ন দরদাতা লায়ন্স ইলেক্ট্রোমেকানিক্যাল সার্ভিসেস, ১২৬-১৩১, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা এর ১২,৬৭,৬৪,২১৯.০০ (বার কোটি সাতষট্টি লক্ষ চৌষট্টি হাজার দুইশত উনিশ) টাকার দর সর্বসম্মতিক্রমে ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-১৪: ঢাকা সেনানিবাস এলাকার শহীদ সরণিস্থ ০১ নং বাড়ির অনুমোদিত নকশার মেয়াদ মার্চ ২০১৮ পর্যন্ত বৃদ্ধির জন্য মিসেস সাঈদা আক্তার, স্বামী-মেজর জেনাঃ (অবঃ) কে, এম, সফিউল্লাহ, পিএসসি এর পক্ষে নিযুক্তিয় আম-মোক্তার প্রকৌশলী মামনুর রশিদ, মহাব্যবস্থাপক, শান্তা প্রপার্টিজ এর ২০/৯/২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা: ঢাকা সেনানিবাস এলাকার শহীদ সরণিস্থ ০১ নং প্লটে অত্র দপ্তর হতে ২৩/১২/২০১৪ তারিখে নকশা অনুমোদন করা হয়। অনুমোদনের তারিখ হতে এক বছরের মধ্যে বাড়ি নির্মাণ কাজ সমাপ্ত না হওয়ায় আরো ১৮ মাস সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করেছেন। ভবনটির শুধুমাত্র বেজমেন্ট ফ্লোর ঢালাই হয়েছে।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাস এলাকার শহীদ সরণিস্থ ০১ নং প্লটে নির্মাণাধীন ভবনটি ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর নোটশীটের মাধ্যমে প্রতিবেদন দাখিল করতে হবে। প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৫: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫১ নং বাড়ির অনুমোদিত নকশার মেয়াদ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্লট মালিকের পক্ষে নিযুক্তিয় আম-মোক্তার সৈয়দ মাজহার-উজ-জামান, মহাব্যবস্থাপক (অপারেশন), ইউনিয়ন ডেভলোপমেন্ট এর ১৮/৯/২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫১ নং প্লটে অত্র দপ্তর হতে ২৬/৫/২০১৩ তারিখে ০৭ (সাত) তলা আবাসিক ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হয়। ভবনটির ০৭ তলা পর্যন্ত স্ট্রাকচার নির্মাণ করা হয়েছে। দেয়ালের গাঁথুনীর কাজ চলমান। নকশা অনুমোদনের তারিখ হতে ১২ মাসের মধ্যে বাড়ি নির্মাণ কাজ সমাপ্ত না করায় জুন ২০১৭ পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করার জন্য প্লট মালিক আবেদন করেছেন।

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫১ নং প্লটে নির্মাণাধীন ভবনটি ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর নোটশীটের মাধ্যমে প্রতিবেদন দাখিল করতে হবে। প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৬: ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮) বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত ও ১৩০০ সিসির ইঞ্জিন পরিবর্তন করে ১৫০০ সিসি ইঞ্জিন সংযোজন কাজের জন্য ১,৯২,০০০.০০ (এক লক্ষ বিরানব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮) নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামত ও ১৩০০ সিসির ইঞ্জিন পরিবর্তন করে ১৫০০ সিসি ইঞ্জিন সংযোজন কাজের জন্য নিম্নবর্ণিত ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরন | পরিমান | দর | মোট |
|---|---|---|---|---|
| ১। | রিকন্ডিশন ইঞ্জিন ১৫০০সিসি | ০১টি | ৭৫০০০.০০ | ৭৫০০০.০০ |
| ২। | ইঞ্জিন মাউন্টিং | ০৪টি | ৫০০০.০০ | ২০০০০.০০ |
| ৩। | কন্ট্রোলার ওয়ারিং | ০১টি | ১৫০০০.০০ | ১৫০০০.০০ |
| ৪। | এসি নতুন | ০১টি | ৩২০০০.০০ | ৩২০০০.০০ |
| ৫। | ফ্লাগ (এজিকার) | ০৪টি | -- | ৩৫০০.০০ |
| ৬। | সিএনজি লাইন নতুন | -- | -- | ৮০০০.০০ |
| ৭। | রেডিওটার | ০১টি | ৮৫০০.০০ | ৮৫০০.০০ |
| ৮। | ছকেট জাম্পার | ০১টি | ৯৫০০.০০ | ৯৫০০.০০ |
| ৯। | ব্রেক প্যাড | -- | -- | ৩০০০.০০ |
| ১০। | ব্রেক সু | -- | -- | ২৫০০.০০ |
| ১১। | লেবার চার্জ | -- | -- | ১৫০০০.০০ |
| | | | মোট= | ১,৯২,০০০.০০ |

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮) বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত ও ১৩০০ সিসির ইঞ্জিন পরিবর্তন করে ১৫০০ সিসি ইঞ্জিন সংযোজন কাজের জন্য ১,৯২,০০০.০০ (এক লক্ষ বিরানব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে। গত ২৯ আগস্ট, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৮ এর মাধ্যমে উক্ত অফিস কার মেরামত বাবদ অনুমোদিত ৬৯,৬০০.০০ (উনসত্তর হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদন এতদ্বারা বাতিল করা হলো। আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, এখন থেকে গাড়ী মেরামতের পর সংযোজিত যন্ত্রাংশ এবং তার কার্যকারীতা পরীক্ষার জন্য গাড়ীটি স্টেশন সদর দপ্তর কর্তৃক পরিদর্শনের জন্য হাজির করতে হবে। বদলীকৃত যন্ত্রাংশের ওয়ারেন্টি পিরিয়ডের পূর্ব নষ্ট/অকেজো হলে সংশ্লিষ্ট ওয়ার্কশপ প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে।

আলোচ্য বিষয়-১৭: সিএসডি ব্রডওয়ে বিল্ডিং এর পার্শ্বে প্রস্তাবিত ৪০০ কিলোওয়াট সাবস্টেশনের ভবন নির্মাণের লক্ষ্যে নকশা অনুমোদনের জন্য প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ এর ২৭ জুন ২০১৬ তারিখের এ্যাডমিন/৫৪/জেনাঃ/৯৭ নং পত্র প্রসংগে।

আলোচনা: সিএসডি ব্রডওয়ে বিল্ডিং এর চাহিদাকৃত বিদ্যুতের লোড বৃদ্ধি পাওয়ায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ৪০০ কিলোওয়াট সাবস্টেশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সাবস্টেশন/বিদ্যুৎ সংযোগের বিষয়ে ডেসকো কর্তৃক অনুমোদিত নকশা চাওয়া হয়েছে। সেপ্রেক্ষিতে প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ এর ২৭ জুন ২০১৬ তারিখের এ্যাডমিন/৫৪/ জেনাঃ/৯৭ নং পত্রের মাধ্যমে একতলা ভবনের নকশা অনুমোদনের জন্য অত্র দপ্তরে দাখিল করা হয়েছে।

সিদ্ধান্ত: সিএসডি ব্রডওয়ে বিল্ডিং এর পার্শ্বে প্রস্তাবিত ৪০০ কিলোওয়াট সাবস্টেশনের ভবন নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-১৮: ঢাকা সেনানিবাসস্থ বনানী এমপি চেকপোষ্ট এলাকায় ০১টি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণের লক্ষ্যে কনসালটেন্ট নিয়োগের জন্য 3P কমিউনিকেশন এর ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার ফাইন্যান্সিয়াল অফার অনুমোদন প্রসংগে।

আলোচনা: ঢাকা সেনানিবাসস্থ বনানী এমপি চেকপোষ্ট এলাকায় ০১টি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণের লক্ষ্যে ড্রয়িং, ডিজাইন প্রনয়নের জন্য কনসালটেন্ট নিয়োগের নিমিত্তে ২৮ আগস্ট ২০১৬ তারিখে EOI আহবান করা হয়। প্রাপ্ত EOI যাচাই-বাছাই করে 3P কমিউনিকেশন, ১/২ (গ্রাউন্ড ফ্লোর), আসাদ এভিনিউ রোড, ব্লক-এ, আসাদগেইট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এর টেকনিক্যাল এবং ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার ফাইন্যানসিয়াল অফার অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাসস্থ বনানী এমপি চেকপোষ্ট এলাকায় ০১টি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণের লক্ষ্যে কনসালটেন্ট নিয়োগের জন্য 3P কমিউনিকেশন এর সর্বসাকুলে (ট্যাক্স ও ভ্যাটসহ) ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার ফাইন্যান্সিয়াল অফার অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৯: বারিধারা ডিওএইচএস এর ৪২৩ প্লটের ইমারত নির্মাণ সময়সীমা ডিসেম্বর ২০১৭ পর্যন্ত বর্ধিতকরণের জন্য সংশ্লিষ্ট প্লট মালিকের ২১ সেপ্টেম্বর ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা: বারিধারা ডিওএইচএস এর ৪২৩ প্লটে অত্র দপ্তর হতে ০৫(পাঁচ) তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। কিন্তু প্লট মালিক তিন তলা পর্যন্ত সম্পন্ন করেছেন। অর্থের অভাবে ০৫ তলা পর্যন্ত সম্পন্ন করতে পারেননি। ইতোমধ্যে নকশা অনুমোদনের শর্তানুযায়ী ইমারত নির্মাণের সময়সীমা উত্তীর্ণ হয়েছে। সে প্রেক্ষিতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সময়সীমা বর্ধিত করার জন্য প্লট মালিক আবেদন করেছেন। প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে ইমারত নির্মানের সময়সীমা ডিসেম্বর ২০১৭ পর্যন্ত বর্ধিত করা যেতে পারে।

সিদ্ধান্ত: বারিধারা ডিওএইচএস এর ৪২৩ নং প্লটে নির্মিত ভবনটি ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর নোটশীটের মাধ্যমে প্রতিবেদন দাখিল করতে হবে। প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২০: মহাখালী ডিওএইচএস এর ৪৮১ নং প্লটের অননুমোদিত নির্মাণ নিয়মিত করণ প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখের পত্র নং ৬০৪/১/এ এর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মহাখালী ডিওএইচএস এর ৪৮১ নং প্লটের অননুমোদিত নির্মাণ নিয়মিতকরণের জন্য সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১০ আগস্ট ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০৯.০৮.১৬. মহাখালী-৪৮১ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। উক্ত অননুমোদিত নির্মাণের মধ্যে কিছু অংশ নিয়মিত না করার জন্য পার্শ্ববর্তী ৪৮০ নং প্লট মালিক ২৩ আগস্ট ২০১৬ তারিখে কিউএমজি বরাবর আবেদন করেছেন। ৪৮০ নং প্লট মালিকের আবেদনপত্র ও সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেননিবাসের ০৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ৩৯৫১/৯/কিউএমজি নং পত্র স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ৬০৪/১/এ নং পত্রের সাথে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মহাখালী ডিওএইচএস এর ৪৮০ ও ৪৮১ নং প্লটের মালিকদ্বয়ের শুনানী গ্রহণ করে অননুমোদিত নির্মাণ নিয়মিতকরণের বিষয়ে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সিদ্ধান্ত এবং সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের পত্রের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন ভবনের বহিরাংশ সৌন্দর্য বর্ধন কাজে অনুমোদিত গ্লাসের পরিবর্তে টাইলস্ লাগানো প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন ভবনের বহিরাংশ রিনোভেশনসহ সভাকক্ষ, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিস কক্ষ ও রাজস্ব শাখার কর আদায় কক্ষের আভ্যন্তরীন সৌন্দর্য বর্ধন কাজের অনুমোদিত মূল্যানুমানে গ্লাস ও টাইলস উল্লেখ আছে। কিন্তু বহিরাংশে গ্লাস লাগালে আলোর প্রতিফলনসহ সৌন্দর্যহানী হওয়ার আশংকায় টাইলস্ লাগানো হয়েছে। এমতাবস্থায় মূল্যানুমান গ্লাস এর পরিবর্তে টাইলস এর অনুমোদন দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পুরাতন ভবনের বহিরাংশ সৌন্দর্য বর্ধন কাজে অনুমোদিত গ্লাসের পরিবর্তে টাইলস্ লাগানোর অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২২: প্রকৌশল শাখার ঢাকা মেট্রো-ঠ-১১-৮৩২৪ নং পিকআপ এর সিট কভার ও ক্লাচ প্লেট পরিবর্তনসহ সম্মুখে এসএস পাইপের বাম্বার, ফুটরেষ্ট ইত্যাদি নতুন সংযোজন ও অন্যান্য কাজের জন্য ৭৪,৩৬০.০০ (চুয়াত্তর হাজার তিনশত ষাট) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা: প্রকৌশল শাখার ঢাকা মেট্রো-ঠ-১১-৮৩২৪ নং পিকআপ এর সিট কভার ও ক্লাচ প্লেট পরিবর্তনসহ সম্মুখে এসএস পাইপের বাম্বার, ফুটরেষ্ট ইত্যাদি নতুন সংযোজন ও অন্যান্য কাজের জন্য ৭৪,৩৬০.০০ (চুয়াত্তর হাজার তিনশত ষাট) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত: প্রকৌশল শাখার ঢাকা মেট্রো-ঠ-১১-৮৩২৪ নং পিকআপ মেরামত ও বিভিন্ন যন্ত্রাংশ সংযোজন কাজের জন্য ৭৪,৩৬০.০০ (চুয়াত্তর হাজার তিনশত ষাট) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৩: শহীদ জাহাঙ্গীর গেইট হতে আইএসএসবি গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে বৃক্ষরোপণ-২০১৬ উপলক্ষে চারা, মাটি, গোবর, খুঁটির বাঁশ, রাসায়নিক সার, দৈনিক শ্রমিক ও অন্যান্য বাবদ ২,৮৪,০২৪.০০ (দুই লক্ষ চুরাশি হাজার চব্বিশ) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা: শহীদ জাহাঙ্গীর গেট হতে আইএসএসবি গেট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে বৃক্ষরোপণ-২০১৬ উপলক্ষে নিম্নবর্ণিত নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের নিমিত্ত ২,৮৪,০২৪.০০টাকা ব্যয়ঃ-

| ক্র/নং | গাছের নাম | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | রয়েল পাম্প | ২৫টি | ৮২৩.০০ | ২০৫৭৫.০০ |
| ২। | গামারী | ২০টি | ২৮০.০০ | ৫৬০০.০০ |
| ৩। | সেগুন | ১০৫টি | ৩৪০.০০ | ৩৫৭৫০.০০ |
| ৪। | দেবদারু | ১৫টি | ২৫০.০০ | ৩৭৫০.০০ |
| ৫। | আকামমণি | ২৫টি | ২৫০.০০ | ৬২৫০.০০ |
| ৬। | জাবানিকা কেশিয়া | ২০টি | ৭০০.০০ | ১৪০০০.০০ |
| ৭। | সোনালু | ১০টি | ৩৩০.০০ | ৩৩০০.০০ |
| ৮। | বুদ্ধু নারকেল | ৪০টি | ২৮০.০০ | ১১২০০.০০ |
| ৯। | নিম | ৪১টি | ৩৮৯.০০ | ১৫৯৪৯.০০ |
| ১০। | চাম্বল | ২৫টি | ২৩০.০০ | ৫৭৫০.০০ |
| ১১। | বাঁশের খুটি | ৮০০টি | ৬৫.০০ | ৫২০০০.০০ |
| ১২। | লেবার | ১৫৪ | ৪৫০.০০ | ৬৯৩০০.০০ |
| ১৩। | রশি | ০৮ কেজি | ১০০.০০ | ৮০০.০০ |
| ১৪। | টিএসপি সার | ০৫ বস্তা | ২৮০০.০০ | ১৪০০০.০০ |
| ১৫। | গোবর | ০৩ ট্রাক | ৩৮০০.০০ | ১১৪০০.০০ |
| ১৬। | ভিটিমাটি | ০৪ ট্রাক | ৩৬০০.০০ | ১৪৪০০.০০ |
| | | | মোট = | ২,৮৪,০২৪.০০ |

সিদ্ধান্ত: শহীদ জাহাঙ্গীর গেইট হতে আইএসএসবি গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে বৃক্ষরোপণ-২০১৬ উপলক্ষে রোপিত চারা সরেজমিন পরিদর্শন করে অনেক চারা মৃত, হেলে পড়া বা ভাঙ্গা দেখা গেছে। অনেক গাছের সাপোর্ট নাই। নষ্ট চারা প্রতিস্থাপন এবং নতুন সাপোর্ট লাগানোর পর অনুমোদন দেয়া হবে। উক্ত ব্যয় উদ্যান ও নার্সারী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-ম-৮৩৯৪ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ১,৯৯,৩০০.০০(এক লক্ষ নিরানব্বই হাজার তিনশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিএএফ বেস বাশার কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডেও কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-ম- ৮৩৯৪ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ১,৯৯,৩০০.০০ (এক লক্ষ নিরানব্বই হাজার তিনশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরন | পরিমান | দর | মোট |
|---|---|---|---|---|
| ১। | সামনের কেবিন সম্পূর্ণ ডেন্টিং | --- | --- | ৫৫০০০.০০ |
| ২। | সামনের বাম দিকের দরজা রিকন্ডিশন | ০১টি | ১৩০০০.০০ | ১৩০০০.০০ |
| ৩। | পিছনের চেসিস দুই পাশের ভাঙ্গা অংশ নতুন লাগানো। | ---- | ৩৫০০০.০০ | ৩৫০০০.০০ |
| ৪। | পিচনের বডি মেরামত | --- | --- | ৪০০০০.০০ |
| ৫। | সম্পূর্ণ গাড়ী রং করন (সামনের কেবিন ডোকো এবং পিছনের বডি ওয়েল পেইন্ট | -- | -- | ৩৫০০০.০০ |
| ৬। | সামনের গ্লাস | ০১টি | ৮০০০.০০ | ৮০০০.০০ |
| ৭। | সামনের ও পিছনের লাইট | ০৪টি | ---- | ২৫০০.০০ |
| ৮। | গিয়ার বক্স মেরামত | --- | ---- | ৮০০০.০০ |
| ৯। | দরজার গ্লাস ও গ্লাস মেশিন | ০১ সেট | ২৮০০.০০ | ২৮০০.০০ |
| | | | মোট = | ১,৯৯,৩০০.০০ |

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-ম-৮৩৯৪ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ১,৯৯,৩০০.০০(এক লক্ষ নিরানব্বই হাজার তিনশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিএএফ বেস বাশার কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ৮১,৫৫০.০০ (একাশি হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ৮১,৫৫০.০০(একাশি হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরন | পরিমান | দর | মোট |
|---|---|---|---|---|
| ১। | পিষ্টন | ০১সেট | ৬৮৫০.০০ | ৬৮৫০.০০ |
| ২। | পিষ্টন রিং | ০১ সেট | ৪২০০.০০ | ৪২০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | ওভার ছুলিং কিট | ০১ সেট | ৩৪০০.০০ | ৩৪০০.০০ |
| ৪। | কানেকটিং বুশ | ০১ সেট | ১২০০.০০ | ১২০০.০০ |
| ৫। | হেড বাল্ব | ০১ সেট | ৩৮৫০.০০ | ৩৮৫০.০০ |
| ৬। | সিট গাইট ও সিল | ০৩ সেট | ১০০০.০০ | ৩০০০.০০ |
| ৭। | মবিল ফিল্টার ডিজেল ফিল্টার | ০২টি | ৫৫০.০০ | ১১০০.০০ |
| ৮। | ফুয়েল পাম্প সার্ভিসিং | -- | -- | ১৫০০০.০০ |
| ৯। | হেড লাইট | ০১ সেট | ২৮৫০.০০ | ২৮৫০.০০ |
| ১০। | ইন্ডিকেঁর লাইট | ০১ সেট | -- | ৮০০.০০ |
| ১১। | ব্যাক লাইট | ০১ সেট | -- | ১০০০.০০ |
| ১২। | হর্ণ | ০১সেট | ১২০০.০০ | ১২০০.০০ |
| ১৩। | ডায়নামার কাজ | -- | -- | ৩৫০০.০০ |
| ১৪। | ফুল ওয়্যারিং এর কাজ | -- | -- | ১৫০০০.০০ |
| ১৫। | টাইরড এন | ০১ সেট | ১৬০০.০০ | ১৬০০.০০ |
| ১৬। | লুকিং গ্লাস | ০২টি | ৩৫০.০০ | ৭০০.০০ |
| ১৭। | গিয়ার লিভারের খোপ্পা | ০১সেট | ৪৩০০.০০ | ৪৩০০.০০ |
| ১৮। | লাইনার স্লিপ | ০১ সেট | ১২০০০.০০ | ১২০০০.০০ |
| | | | মোট= | ৮১,৫৫০.০০ |

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ৮১,৫৫০.০০ (একাশি হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৬: স্টাফ রোড এমপি চেকপোষ্টের মাঝে সৌন্দর্য বর্ধনের জন্য ফুল গাছ, মাটি, গোবর, খুঁটির বাঁশ, সুতলী, রাসায়নিক সার, দৈনিক শ্রমিক ইত্যাদি বাবদ ২,৮৫,৮২০.০০ (দুই লক্ষ পঁচাশি হাজার আটশত বিশ) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা: স্টাফরোড এমপি চেকপোষ্টের মাঝে সৌন্দর্য বর্ধনের জন্য ফুলগাছ, মাটি, গোবর, খুটির বাশ, সুতলী, রাসায়নিক সার, দৈনিক শ্রমিক ও অন্যান্য খরচের নিমিত্ত ২,৮৫,৮২০.০০টাকা ব্যয় হবে ঃ-

| ক্র/নং | গাছের নাম | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | গোবর সার | ০৬ ট্রাক | ৩৮০০.০০ | ২২৮০০.০০ |
| ২। | মাটি | ১০ ট্রাক | ৩৭০০.০০ | ৩৭০০০.০০ |
| ৩। | বরাক বাশ | ৩০টি | ৩৫০.০০ | ১০৫০০.০০ |
| ৪। | পলিথিন রোল | ১০০পাইন্ড | ৮৫.০০ | ৮৮৪০.০০ |
| ৫। | বিভিন্ন ঔষধ | ০২ বোতল | ৪৩০.০০ | ৮৬০.০০ |
| ৬। | রেঙ্গুন বাশ | ২৮টি | ৬০০.০০ | ১৬৮০০.০০ |
| ৭। | মলিবাশ | ৫০টি | ২৫০.০০ | ১২৫০০.০০ |
| ৮। | বালি | ১২ ট্রাক | ৬৯০০.০০ | ৮২০০০.০০ |
| ৯। | টিএসপিসার | ০২ বস্তা | ২৮০০.০০ | ৫৬০০.০০ |
| ১০। | জৈব সার | ৬ কেজি ৫০০ গ্রাম | ৮০.০০ | ৫২০.০০ |
| ১১। | ব্লিচিং | ০২ ড্রাম | ৩২০০.০০ | ৬৪০০.০০ |
| ১২। | গোলাপ গাছ (২০ইঞ্চি টবসহ) | ০৪টি | ৬০০০.০০ | ২৪০০০.০০ |
| ১৩। | গোলাপ গাছ (১৪ইঞ্চি টবসহ) | ০৭টি | ২০০০.০০ | ১৪০০০.০০ |
| ১৪। | এ্যারোমেটিক জুই | ০৮টি | ১২০০.০০ | ৯৬০০.০০ |
| ১৫। | মাধবি লতা | ০৮টি | ১৩০০.০০ | ১০৪০০.০০ |
| ১৬। | টিকোমা | ১০টি | ৪০০.০০ | ৪০০০.০০ |
| ১৭। | বাশের মই | ০১টি | ২০০০.০০ | ২০০০.০০ |
| ১৮। | শ্রমিক | ৪০ জন | ৪৫০.০০ | ১৮০০০.০০ |
| | | | মোট = | ২,৮৫,৮২০.০০ |

সিদ্ধান্ত: স্টাফ রোড এমপি চেকপোষ্টের মাঝে সৌন্দর্য বর্ধনের জন্য ফুল গাছ, মাটি, গোবর, খুঁটির বাঁশ, সুতলী, রাসায়নিক সার, দৈনিক শ্রমিক ইত্যাদি বাবদ ২,৮৫,৮২০.০০ (দুই লক্ষ পঁচাশি হাজার আটশত বিশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৭: রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকানের জন্য খালী জায়গা বরাদ্দ চেয়ে জনাব এস এম রুহুল আমিন ২১ ডিসেম্বর, ২০১৫ তারিখের আবেদনপত্রের বিষয়ে আলোচনা।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকানের জন্য খালী জায়গা বরাদ্দ চেয়ে জনাব এস এম রুহুল আমিন, পিতা-মৃত মোল্লা আব্দুল আলী, ১৭৯ উদয়ন রোড, গোপালগঞ্জ ২১ ডিসেম্বর, ২০১৫ তারিখের আবেদন করেছেন। আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেট ভেঙ্গে নতুন মার্কেট নির্মাণের প্রকল্প গ্রহণ করা হয়েছে। শীঘ্রই নতুন মার্কেট নির্মাণের কাজ শুরু হবে।

সিদ্ধান্ত: রজনীনন্ধা সুপার মার্কেটে নতুন মার্কেট নির্মাণের পর জনাব এস এম রুহুল আমিন, পিতা-মৃত মোল্লা আব্দুল আলী, ১৭৯ উদয়ন রোড, গোপালগঞ্জ এর দোকান বরাদ্দের আবেদন মার্কেটের প্ল্যান চূড়ান্ত না হওয়া পর্যন্ত বিবেচনা করা সম্ভব নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৮: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিন ইজারার জন্য জনাব মোঃ জুলহাস হোসেন, সিবি-৪৭ কচুক্ষেত, ঢাকা ক্যানমেন্ট এর দাখিলকৃত মাসিক সর্বোচ্চ ১০,৬০০/- (দশ হাজার ছয়শত) টাকার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি ০১ সেপ্টেম্বর ২০১৬ তারিখ হতে ৩১ আগষ্ট ২০১৯ তারিখ পর্যন্ত (রমজান মাস ব্যতিত) ০৩(তিন) বছরের জন্য মাসিক ভাড়ার ভিত্তিতে ভাড়া প্রদানের জন্য ১৮ আগষ্ট ২০১৬ তারিখে স্থানীয়ভাবে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৪(চার) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মাহমুদ করিম, বাড়ী নং-১০৫, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এবং জনাব মোঃ নবীর হোসেন মোল্লা, সিবি-২৩/১, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস উভয় কর্তৃক প্রদত্ত মাসিক ৭,০০০/-(সাত হাজার) টাকার দর ০২টি সর্বোচ্চ হয়। প্রাপ্ত ০২ টি দর সমান হওয়ায় দাখিলকৃত ০২(দুই) জন দরদাতার সম্মতিক্রমে লটারী পরিচালনার করা হয়। উক্ত লটারীতে জনাব মোঃ নবীর হোসেন মোল্লা, সিবি-২৩/১, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস বিজয়ী হয়। বিষয়টি ২৯ আগস্ট ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১১ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি প্রতিযোগিতামূলক দরে ও প্রকৃত রেস্টুরেন্ট/ক্যান্টিন ব্যবসায়ীদের নিকট ভাড়া প্রদানের জন্য পুনঃ দরপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে ২২ সেপ্টেম্বর ২০১৬ তারিখে স্থানীয়ভাবে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৬ (ছয়) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ জুলহাস হোসেন, সিবি-৪৭, কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত মাসিক ১০,৬০০/-(দশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত অফিস ক্যান্টিন মাসিক ভাড়ার বিগত ০৩ বছরের অনুমোদিত দর নিম্নে প্রদত্ত হলো ঃ-

| *সন* | *অনুমোদিত দর (মাসিক)* |
|---|---|
| ২০১৩-২০১৪ | ৪,০০০.০০ |
| ২০১৪-২০১৫ | ৪,১০০.০০ |
| ২০১৫-২০১৬ | ৪,৫২০.০০ |

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিন ইজারার জন্য জনাব মোঃ জুলহাস হোসেন, সিবি-৪৭ কচুক্ষেত, ঢাকা ক্যানমেন্ট-কে ০১ অক্টোবর ২০১৬ তারিখ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত (রমজান মাস ব্যতিত) ০৩(তিন) বছরের জন্য মাসিক ভাড়া ১০,৬০০.০০ (দশ হাজার ছয়শত) টাকায় ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য, ক্যান্টিনের ইউটিলিটি বিল (পানি, বিদ্যুৎ, গ্যাস ও অন্যান্য) ভাড়া গ্রহণকারীকে নিয়মিত পরিশোধ করতে হবে।

আলোচ্য বিষয়-২৯: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে পার্ক ব্লকের ৫০ নং দোকান সংলগ্ন স্থান পার্কিং এর জন্য লীজ প্রদানের বিষয়ে মেজর এ এফ এম নুরুল আমিন (অবঃ) এর ২৬ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মেজর এ এফ এম নুরুল আমিন (অবঃ), সভাপতি, রূপায়ন নওফা প্লাজা ওনার্স এসোসিয়েশন ২৬ সেপ্টেম্বর ২০১৬ তারিখের আবেদনে জানান যে, রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে পার্ক-৫০ নং দোকান সংলগ্ন আনুমানিক ২০ ফুট দৈর্ঘ্য এবং ১৬ ফুট প্রস্থ খালি জায়গা রয়েছে। উক্ত জায়গায় হকাররা মাছ এবং মুরগীর দোকান স্থাপন করে জটলা সৃষ্টি, দুর্গন্ধ ও নোংড়া পরিবেশ সৃষ্টি করে। উক্ত স্থানটি গাড়ী পার্কিং এর জন্য লীজ প্রদান করলে সমস্যা হতে রেহাই পাওয়া যাবে মর্মে জানান।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে পার্ক ব্লকের ৫০ নং দোকান সংলগ্ন স্থানটি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার ও ক্যান্টনমেন্ট বোর্ডের রেভিউনিউ অফিসার সরেজমিন পরিদর্শন করে এ ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩০: মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলার ২৭ নং দোকান বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে লেঃ কর্ণেল মোঃ শামীম হোসেন (অবঃ) এর ০২ আগস্ট, ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস ইজারা প্রদানের জন্য ১৭ আগস্ট ২০১১ তারিখে দরপত্র আহবান করা হলে ১৬১.৭৬ বর্গফুট আয়তন বিশিষ্ট ২য় তলার ২৭ নং দোকানটির জন্য লেঃ কর্ণেল (অবঃ) শেখ শামীম হোসেন (অবঃ), পিতা-মৃত মকবুল হেসেন কর্তৃক প্রদত্ত ৩০,৭৩,৪৪০/-(ত্রিশ লক্ষ তিয়াত্তর হাজার চারশত চল্লিশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি ২৩ আগষ্ট ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১২ নং সিদ্ধান্তে এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৫ মে, ২০১৩ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৪১-৩/শা-৩/১৪১ নং পত্রে অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ৩০ মে, ২০১৩ তারিখে ঢাক্যাবো/মিরঃডিওএইচএস/অংকাঃশঃকঃ/২য় তলা/২৭/০৭ নং পত্রে সালামীর টাকা ০৮ কিস্তিতে পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। রেকর্ড দৃষ্টে দেখা যায় সর্বোচ্চ দরদাতা ১ (এক) কিস্তির অর্থ পরিশোধ করেছেন। সর্বোচ্চ দরদাতা লেঃ কর্ণেল (অবঃ) শেখ শামীম হোসেন (অবঃ) আর্থিক সমস্যার জন্য অবশিষ্ট কিস্তির পরিশোধ করতে পারছেন না বিধায় উক্ত দোকানটির পজেশন ডাঃ সাদিয়া মাহফুজ নিশাত, পিতা- ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মাহফুজুল (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তর করার অনুমতি চেয়ে ০২ আগস্ট, ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলার ২৭ নং দোকান ইজারার সমুদয় বকেয়া কিস্তির অর্থ পরিশোধ সাপেক্ষে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩১: ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে চলাচলকৃত রিকশাসমূহের ভিন্ন রং এবং রিকশা চালকদের বিশেষ রং এর পোষাক প্রবর্তন প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৯ আগস্ট, ২০১৬ তারিখের ৬০৪/১/এ নং পত্র প্রসংগে।

আলোচনা: ঢাকা সেনানিবাসে চলাচলের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মোট ১১৪৫ টি রিকশা লাইসেন্স প্রদান করা হয়েছে। ঢাকা সেনানিবাস একটি গুরুত্বপূর্ণ ও প্রবেশাধিকার সংরক্ষিত এলাকা যেখানে বাহিনীর সদর দপ্তরসহ অনেক স্পর্শকাতর স্থাপনা ও সংগঠন রয়েছে। তথাপিও ঢাকা সেননিবাসের মধ্যে দিয়ে প্রতিনিয়ত বিভিন্ন ধরনের জন সাধারন যাতায়াত করে থাকেন। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক লাইসেন্স প্রদানকৃত রিকশাসমূহের ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থাসমূহ গ্রহণ করা যেতে পারে মর্মে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৯ আগস্ট ২০১৬ তারিখের ৬০৪/১/এ নং পত্রের সাথে প্রাপ্ত ১৩ এমপি ইউনিটের ২২ আগস্ট ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০২.০৯৯.০১.২১.০৮.১৬ নং পত্রে অনুরোধ জানানো হয়েছেঃ-

১। রিকশা সমূহের একটি বিশেষ রং (যেমনঃ কমলা এবং সবুজ এর সমন্বয়) ব্যবহার করা যেতে পারে।

২। রিকশা চালকদের একটি নিদিষ্ট রং এর বিশেষ পোষাক (কোর্তা জাতীয়) প্রচলন করা যেতে পারে।

৩। রিকশা চালকদের পাশ ব্যতিত একটি বিশেষ কাগজ (অনুমোদনপত্র) দেয়া যেতে পারে, যাতে চেক করার সময় রিকশা চালকগণ উক্ত অনুমোদনপত্রটি দেখাতে পারে।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে রিকশা চলাচলের অনুমতি প্রদানের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) ৫০০টি রিকশা লাইসেন্স প্রদান করা হবে;

(খ) প্রতিটি রিকশার হুড লাল রঙের হবে;

(গ) রিকশা চালকদের হলুদ রঙের কটি পড়তে হবে;

(ঘ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত রিকশা লাইসেন্স হতে ৫০০টি লাইসেন্স বহাল রেখে অবশিষ্টগুলো বাতিল করতে;

বিষয়টি স্টেশন সদর দপ্তরের মাধ্যমে এমপি ইউনিটসহ সেনানিবাসের সকল নিরাপত্তা সংস্থাকে অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-৩২: বনানী ডিওএইচএস এর ৮/এ নং প্লটে নির্মিত বাড়ীর বকেয়া গৃহকর কিস্তিতে পরিশোধের বিষয়ে কর্ণেল (অবঃ) ডাঃ এম হাসমত আলী এর ১০ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: বনানী ডিওএইচএস এলাকার ৮/এ নং বাড়ীর মালিক কর্ণেল (অবঃ) ডাঃ এম হাসমত আলী। উক্ত বাড়ীটি ডেভেলপার কর্তৃক নির্মিত হয়েছে। নির্মিত বাড়ীর মালিকের ০৫ টি ফ্ল্যাটের গৃহকর জুন ২০১৭ পর্যন্ত সর্বমোট ৮,১৭,১৩০/-(আট লক্ষ সতের হাজার একশত ত্রিশ) টাকা নির্ধারণ করে পরিশোধের জন্য অত্র দপ্তরের ০৬ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ঢাক্যাবো/ডিওএইচএস বনানী/৮/এ/১২৬ পত্রে অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে বাড়ীর মালিক কর্ণেল (অবঃ) ডাঃ এম হাসমত আলী চলতি আর্থিক সালে অর্থাৎ ২০১৬-২০১৭ সনের গৃহকর ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে ৪৬,১৫২/-(ছেচল্লিশ হাজার একশত বায়ান্ন) পরিশোধ করবেন এবং বকেয়া গৃহকর ৭,৭০,৯৭৮/- (সাত লক্ষ সত্তর হাজার নয়শত আটাত্তর) টাকা জানুয়ারী ২০১৭ হতে মাসিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা হিসেবে কিস্তিতে পরিশোধের অনুমতি চেয়ে অত্র দপ্তরে ১০ সেপ্টেম্বর ২০১৬ তারিখে আবেদন করেছেন। আলোচনায় জানা যায় যে, হাল সনের গৃহকর ৩০ জুন এর মধ্যে পরিশোধ করা হলে ১০% রিবেট প্রদান করা হয় এবং বকেয়া গৃহকরের উপর ৫% হারে জরিমানা আদায় করা হয়।

সিদ্ধান্ত: ২০১৬-২০১৭ অর্থ বছর হতে বকেয়া গৃহকরের উপর ১০% হারে জরিমানা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো। বনানী ডিওএইচএস এর ৮/এ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক কর্ণেল (অবঃ) ডাঃ এম হাসমত আলীর অংশের বকেয়া গৃহকর মাসিক ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা হিসেবে পরিশোধের অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৩৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে মেসার্স এম এন্ড এম এন্টারপ্রাইজ, প্রোঃ- জনাব মনোয়ারুল ইসলাম এবং মেসার্স প্যাসিফিক ট্রেড ইন্টারন্যাশনাল, প্রো- মোঃ শাহীন হোসেন-কে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য মেসার্স এম এন্ড এম এন্টারপ্রাইজ, প্রোঃ- জনাব মনোয়ারুল ইসলাম এবং মেসার্স প্যাসিফিক ট্রেড ইন্টারন্যাশনাল, প্রো- মোঃ শাহীন হোসেন ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ফার্ম দু'টি-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করা যেতে পারে।

সিদ্ধান্ত: প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে মেসার্স এম এন্ড এম এন্টারপ্রাইজ, প্রোঃ- জনাব মনোয়ারুল ইসলাম এবং মেসার্স প্যাসিফিক ট্রেড ইন্টারন্যাশনাল, প্রোঃ- জনাব মোঃ শাহীন হোসেন-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-৩৪:** বারিধারা ডিওএইচএস এর ১৫৪ নং প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন না করায় প্লট মালিক মেজর (অবঃ) সানা উল্লাহ মিয়ার ২৯ আগস্ট, ২০১৬ তারিখের As Built নকশাসহ অত্র দপ্তরে দাখিলকৃত পুনঃবিবেচনার আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা:** বারিধারা ডিওএইচএস এর ১৫৪ নং প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের সংশোধিত নকশা অনুমোদনের জন্য গত ১০/১০/২০১৩ তারিখে আবেদন করা হলে বোর্ডসভার অনুমোদনক্রমে ০৯/২/২০১৫ তারিখে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা অনুমোদনের বিষয়ে এমআইএসটির কারিগরী মতামতের জন্য প্রেরণ করা হয়। এমআইএসটির ১৪/৬/২০১৫ তারিখের পত্রের মাধ্যমে ভার্টিক্যাল এক্সটেনশনের জন্য ভবনটি অনুপযুক্ত মর্মে মতামত প্রদান করা হয়। পরবর্তীতে প্লট মালিক মেজর (অবঃ) সানা উল্লাহ মিয়ার ২৯ আগস্ট, ২০১৬ তারিখে As Built নকশাসহ ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাটি পুনঃবিবেচনার জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন।

**সিদ্ধান্ত:** বারিধারা ডিওএইচএস এর ১৫৪ নং প্লটে নির্মিত ভবনটি ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর নোটশীটের মাধ্যমে প্রতিবেদন দাখিল করতে হবে। প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

**আলোচ্য বিষয়-৩৫:** গত ২৯ আগস্ট, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৩৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের জন্য ২ জোড়া লিফ্ট, ৮ জোড়া এ্যাসকালেটর এবং অগ্নিনির্বাপন ব্যবস্থার সরঞ্জামাদি সরবরাহের বিষয়ে বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিঃ এর প্রেরিত ০৮/৯/২০১৬ তারিখের প্রস্তাব প্রসংগে।

**আলোচনা:** মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর জন্য ২ জোড়া লিফ্ট, ০৮ জোড়া এ্যাসকালেটর এবং অগ্নি নির্বাপন ব্যবস্থা সরবরাহ ও স্থাপনের জন্য বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিমিটেড, গাজীপুর সেনানিবাসের ২৩ আগস্ট ২০১৬ তারিখের বিএমটিএফ/এমকেটি/০৮/২০১৬/৫০১৩ নং পত্র ও তৎসংযুক্ত অস্থায়ী শিল্প সমন্বয় সেল, প্রযত্নেঃ সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ১০ আগস্ট ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০১.০১১.০১. ১০.০৮.১৬ নং পত্রের মাধ্যমে আগ্রহ প্রকাশ করা হয়েছে। এ প্রেক্ষিতে অনুমোদিত স্পেফিকেশন অনুযায়ী মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের জন্য ০২ জোড়া লিফট, ০৮ জোড়া এ্যাসকেলেটর এবং অগ্নি নির্বাপন ব্যবস্থার সরঞ্জামাদি সরবরাহের বিষয়ে বিএমটিএফ লিঃ থেকে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব চাওয়া হয়। সে প্রক্ষিতে বিএমটিএফ লিঃ ০৮/৯/২০১৬ তারিখে প্রস্তাব অত্র দপ্তরে দাখিল করে।

**সিদ্ধান্ত:** মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের জন্য ২ জোড়া লিফ্ট, ৮ জোড়া এ্যাসকালেটর এবং অগ্নিনির্বাপন ব্যবস্থার সরঞ্জামাদি সরবরাহের জন্য বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিঃ এর প্রেরিত ০৮/৯/২০১৬ তারিখের প্রস্তাব এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

**আলোচ্য বিষয়-৩৬:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রপার্টি ম্যানেজমেন্ট ও রেভিনিউ কালেকশন সফটওয়্যার প্রসংগে।

**আলোচনা:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রপার্টি ম্যানেজমেন্ট ও রেভিনিউ কালেকশন সফটওয়্যার প্রস্তুতের জন্য গত ১৭/৭/২০১৬ তারিখে EOI আহ্বান করা হলে ১১ টি প্রতিষ্ঠান আগ্রহ প্রকাশ করে। পরবর্তীতে বোর্ডের প্রস্তাবিত সফটওয়্যারের রূপরেখা ও বাস্তবায়ন কৌশল সম্পর্কে ধারনা প্রদানের জন্য আহ্বান করা হলে ০৯ টি প্রতিষ্ঠান অংশ গ্রহণ করে। শীঘ্রই RFP এর মাধ্যমে আর্থিক ও কারিগরী প্রস্তাব আহ্বান করে উপযুক্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে।

**সিদ্ধান্ত:** শীঘ্রই দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হবে।

**আলোচ্য বিষয়-৩৭:** গত ২৯ আগস্ট, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-২৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার টাওয়ার এর লিফ্ট ও জেনারেটর নিয়মিত রক্ষণাবেক্ষণ প্রসংগে।

**আলোচনা:** রজনীগন্ধা টাওয়ার নির্মাণ কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান আরপি কনস্ট্রাকশন (প্রাঃ) লিঃ ২৫/৯/২০১৪ তারিখে কাজ সমাপ্ত করেছেন। দরপত্রের শর্ত অনুযায়ী এক বছর পর্যন্ত টাওয়ারে ০২টি লিফট ও ০১টি জেনারেটর সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান মেরামত করেছেন। নিরাপত্তা জামানতের সময়সীমা অতিক্রান্ত হওয়ায় ঠিকাদার জামানতের অর্থ ফেরত নিয়েছেন। বর্তমানে ০২টি লিফট ও ০১টি জেনারেটর রক্ষণাবেক্ষণের জন্য বাৎসরিক মেরামতকারী প্রতিষ্ঠান নিয়োগ করা প্রয়োজন। ০২টি লিফট নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য আনুমানিক মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা, ০১ জন লিফট ম্যানের বেতন বাবদ মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং জেনারেটর নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা ব্যয় হতে পারে। এছাড়াও লিফট ও জেনারেটরের যন্ত্রাংশ অকেজো হলে তা স্থানীয়ভাবে দরপত্র আহবানের মাধ্যমে নতুন যন্ত্রাংশ স্থাপন করা যেতে পারে। ব্যয়ের বিবরণ নিম্নরূপঃ-

(১) ০২টি লিফট বাৎসরিক মেরামত খরচ (৫০০০/-×২×১২ মাস) = ১,২০,০০০/- টাকা
(২) ০১ জন লিফট অপারেটরের বাৎসরিক বেতন (১০,০০০/-×১২ মাস)= ১,২০,০০০/- টাকা
(৩) ০১টি জেনারেটর বাৎসরিক রক্ষণাবেক্ষণ খরচ (২,০০০/-×১২ মাস) = ২৪,০০০/- টাকা
(৪) জেনারেটরের জ্বালানী বাবদ খরচ (৩,০০০/- × ১২ মাস) = ৩৬,০০০/- টাকা
মোট = ৩,০০,০০০/- টাকা।

**সিদ্ধান্ত:** রজনীগন্ধা টাওয়ার এর ২টি লিফ্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ মাসিক ১০,০০০.০০ (দশ হাজার) টাকা, ০১টি জেনারেটর মাসিক মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকা এবং মাস্টার রোলে একজন লিফ্ট ম্যান নিয়োগ বাবদ মাসিক ১০,০০০.০০ (দশ হাজার) টাকা এবং জেনারেটরের জ্বালানী বাবদ মাসিক ৩,০০০.০০ (তিন হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় মার্কেটের দোকান মালিকদের নিকট হতে সার্ভিস চার্জ হিসেবে আদায়কৃত অর্থ দ্বারা সংকুলান করতে হবে। সার্ভিস চার্জ হিসেবে অর্থ আদায় না হওয়া পর্যন্ত মার্কেটের দোকান ভাড়ার আয় হতে উক্ত ব্যয় সংকুলান করতে হবে। পরবর্তীতে সার্ভিস চার্জ বাবদ আদায়কৃত অর্থ হতে এ ব্যয় সমন্বয় করতে হবে।

আলোচ্য বিষয়-৩৮: বনানী সামরিক কবরস্থানের লেনসমূহের প্রশস্ততা ও অন্যান্য বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: বনানী সামরিক কবরস্থানের লেনসমূহের প্রশস্ততা কম হওয়ায় দাফনের সময় লাশ নিয়ে যাতায়াতে অনেক সমস্যা হয়। তাই প্রধান লেনগুলো আরো ২ ফুট করে চওড়া করা প্রয়োজন।

সিদ্ধান্ত: বনানী সামরিক কবরস্থানের লেন প্রশস্ত করণের মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৯ বিবিধ-১: এমইএস সিডিউল অব রেইটস্ ২০১৬ অনুযায়ী মূল্যানুমান প্রস্তুত করা প্রসংগে।

আলোচনা : গত ০১ মে, ২০১৬ তারিখ হতে এমইএস এ এমইএস সিডিউল অব রেইটস-২০১৬ কার্যকরী করা হয়েছে। ১৯৫৫ সালের এ্যাকাউন্টস কোড অনুযায়ী সর্বশেষ এমইএস সিডিউল অব রেইটস্ অনুসরণ করার নির্দেশনা থাকায় তা ক্যান্টনমেন্ট বোর্ডে চালু করা যেতে পারে।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে এমইএস সিডিউল অব রেইটস্-২০১৬ অনুযায়ী মূল্যানুমান প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'।

২০/১৬

*( এস. এম. আব্দুল কাদের )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

২/১০/২০১৬

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন মোস্তাক আহমেদ (জি), পিএসসি, বিএন — অনুপস্থিত
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন এম এ আওয়াল হোসেন, জিইউপি, এডব্লিউসি, পিএসসি — উপস্থিত
অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর জুলফিকার রহমান — উপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্মেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) জনাব মোঃ মাহবুব জামিল — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।